

ফাতওয়া নাম্বার: ৬

প্রকাশকাল: ০৫/০৩/২০১৮ইং

চাকরির চুক্তি কি অবশ্য পালনীয়?

প্রশ্ন:

আমাদের এক ভাই একটি মার্কেটিং রিলেটেড জব করেন। জবে ঢুকান সময় উনি চুক্তি করেছিলেন, যে বিষয়ে মার্কেটিং উনি করেন (ধরুন, ক্যামিকেলের মার্কেটিং) উনি পরে এই রিলেটেড কোন ব্যবসা করতে পারবেন না। কারণ, বেশির ভাগ কর্মচারীই দেখা যায় কিছু দিন জব করে নিজের ব্যবসা শুরু করে দেন। এখন আমাদের দেশে উনি যেখানে জব করেন, সেই কোম্পানীর ৪০টা কাস্টমার আছে, যেখানে ঐ কোম্পানীর জিনিস লেন-দেন হয়। ভাই এই জব আর করতে চাচ্ছেন না, একটা ব্যবসা করতে চাচ্ছেন। কিন্তু এই চুক্তির কারণে একটু পেরেশানিতে পড়ে গেছেন। এখন উনি কি এভাবে ব্যবসা করতে পারবেন যে, উনার কোম্পানী যে ৪০ কাস্টমারকে জিনিস সাপ্লাই দেয়, তারা ছাড়া বাকি যে কোম্পানীগুলো আছে, তাদের সাথে ব্যবসা করতে পারবেন? এটা শরয়ী দিক থেকে অনুমোদিত হবে কি না?

اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
নিবেদক
বেলাল হোসাইন, ঢাকা

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

حامداً ومصلحاً

প্রশ্নোক্ত সূরতে কোম্পানীর সাথে যে শর্তে চুক্তি হয়েছে, ‘যে বিষয়ে মার্কেটিং উনি করেন, পরে তিনি এই রিলেটেড কোনো ব্যবসা করতে

إلى الربا (وما أبطل الشرط الذي فيه المنفعة البيع إلا لأنه يؤدي إليه؛ لأنه زيادة عارية عن العوض في عقد البيع وهو معنى الربا . في البحر الرائق 6\139] اه

পারবেন না।’- তা একটি বাতিল শর্ত, যা পালন করা আবশ্যিক নয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

((مَا بَالُ رَجَالٍ يَشْتَرِطُونَ شُرُوطًا لَيْسَتْ فِي كِتَابِ اللَّهِ؟ مَا كَانَ مِنْ شَرْطٍ لَيْسَ فِي كِتَابِ اللَّهِ فَهُوَ بَاطِلٌ، وَإِنْ كَانَ مِائَةَ شَرْطٍ))

“লোকগুলোর কী হলো যে, তারা এমন সব শর্ত করে, যা আল্লাহর কিতাবে নেই? আল্লাহর কিতাবে নেই এমন যে কোন শর্তই বাতিল; যদিও একশো শর্ত হয়।” -সহীহ বুখারী: হাদীস নং ২১৬৮

কাজেই কোম্পানির সাথে যদি তিনি চাকরির মেয়াদের কোনো চুক্তি না করে থাকেন, তাহলে তিনি চাইলে নিয়মমাফিক উক্ত চাকরি ছেড়ে বর্তমান কাজের সঙ্গে সম্পৃক্ত কোনো ব্যবসাও করতে পারবেন। এমনকি কোম্পানীর উক্ত ৪০ কাস্টমারের সাথেও ব্যবসা করতে পারবেন। অবশ্য তাদের সাথে ব্যবসা করলে যদি ঐ কোম্পানীর ক্ষতি হবে মনে করেন, তাহলে তাদের সঙ্গে ব্যবসা না করা তার মহানুভবতা ও ভদ্রতার পরিচায়ক হবে। এজন্য অবশ্যই আল্লাহর নিকট উত্তম বিনিময় পাবেন ইনশাআল্লাহ।

المراجع والمصادر

عمرو بن شعيب عن ابيه عن جده أن النبي صلى الله عليه و سلم نهي عن بيع وشرط]. رواه الطبراني في المعجم الأوسط [4\335: في الهدية: [3\88] ولو كان لا يقتضيه العقد ولا منفعة فيه لأحد لا يفسده وهو الظاهر من المذهب كشرط أن لا يبيع المشتري الذابة المبيعة لأنه انعدمت المطالبة فلا يؤدي إلى الربا، ولا إلى المنازعة. اهـ

في فتح القدير [6\406-407] ولو كان الشرط مما لا يقتضيه وليس مما ذكرنا، فأما ما فيه منفعة لأحد المتعاقدين أو المعقود عليه وهو من أهل الاستحقاق... فالبيع فاسد... وكذا إذا كانت المنفعة لغير العاقدين... أما لو كان المبيع ثوبا أو حيوانا غير آدمي فقد خُرجَ الجواز مما ذكرنا في المزارعة من أن أحد المزارعين إذا شرط في المزارعة أن لا يبيع الآخر نصيبه أو يهبه أن المزارعة جائزة والشرط باطل؛ لأنه ليس لأحد العاملين فيه منفعة، وكذا ذكر الحسن في المجرّد. قال المصنف (وهو الظاهر من المذهب)؛ لأنه إذا لم يكن من أهل الاستحقاق انعدمت المطالبة (والمنازعة) فلا يؤدي - [142] كل شرط لا يقتضيه العقد، ولا يلائمه، وفيه منفعة لأحد المتعاقدين أو للمعقود عليه، وهو من أهل الاستحقاق، ولم يجز العرف به، ولم يرد

الشرع بجوازه فلا بد في كون الشرط مفسدا للبيع من هذه الشرائط الخمسة... وخرج أيضا شرط فيه مضرة لأحدهما كما لو باع ثوبا بشرط أن لا يبيعه، ولا يهبه حاز البيع، وهو قول أبي حنيفة ومحمد، وفي قول أبي يوسف فاسد، وهو رواية... الخ وخرج أيضا ما لا مضرة فيه، ولا منفعة كأن اشترى طعاما بشرط أكله أو ثوبا بشرط لبسه فإنه يجوز. اهـ

(تفسد الإجارة بالشروط المخالفة لمقتضى العقد فكل ما أفسد البيع (الخ) يفسدها. (اهـ) [الدر المختار على صدر رد المختار 6\46]، ط. سعيد] قال ابن عابدين رحمه الله تحته في الشرح: قوله فكل (تفريع على مقدر أي الإجارة نوع من البيع إذ هي بيع المنافع. اهـ

يقول الراقم: ربما يتوهم أن تجارته في نفس الأمتعة التي تتجر فيها الشركة التي يعمل فيها هو موظفا؛ تضرها، فنقول إن هذا الضرر لا يعتبر شرعا، لأن كل واحد حر في أن يتجر في أي شيء شاء، وإن كان تجارته ربما تقلل عدد المستهلكين لتاجر آخر في نفس الشيء.

ويراجع أيضا فتاوى عثمانى [3\370] و374، كتاب الإجارة]، امداد الاحكام [3\573]، كتاب الإجارة [فقط والله تعالى أعلم بالصواب

فقط، والله تعالى أعلم بالصواب



আল-লাজনা তুশ শারইয়্যা হ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদী (হাফিযাছল্লাহ)

০৫-০৩-২০১৮ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ